

গুরুদাসপুর উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন


তারিখ : ২৪-০২-২০২২ খ্রি. সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট - "ক"

সভার শুরুতে জুমে সংযুক্ত হওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি মহোদয় গুরুদাসপুর উপজেলা পরিষদের পক্ষ থেকে সবাইকে শুভেচ্ছা জানান। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার বর্গের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকল সদস্যকে স্ব স্ব বিভাগীয় কর্মপত্র নোটিশ প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ জানান।

অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এছাড়া নিম্নরূপ বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

ক্র. নং	বিভাগ/সংস্থার নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	গুরুদাসপুর পৌরসভা, নাটোর	মেয়র, গুরুদাসপুর পৌরসভা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	মেয়র, গুরুদাসপুর পৌরসভা, নাটোর
০২	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ স্বাস্থ্য কমপেমেন্ট ০১টি, শয্যা সংখ্যা ৫০টি। বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ২০৬১জন মহিলা ৫১৭৯জন এবং শিশু ১৫০৩জন। অন্তঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ১৩০জন, মহিলা ৩৮০জন, শিশু ৭৬জন। ডেলিভারী রোগীর সংখ্যা নরমাল ডেলিভারী ৩৬জন, সিজারিয়ান ০৫ জন। ই পি আই কার্যক্রমের আওতায় টিকা প্রাপ্ত শিশু ও মহিলার সংখ্যা শিশু ২৬৭৪জন, মহিলা ১৪৭২জন। চিকিৎসাধীন যক্ষ্মা রোগীর সংখ্যা পুরুষ ১১জন, মহিলা ০৮জন, শিশু ০০ জন। চিকিৎসাধীন কুষ্ঠ রোগীর সংখ্যা পুরুষ নাই, মহিলা নাই, শিশু নাই। প্যাথলজী পরীক্ষার সংখ্যা ৬৩৭জন। স্বাস্থ্য শিক্ষা পুরুষ ১০২০জন, মহিলা ১৫৭৭জন। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ০২টি বিহঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ১৫৪৭জন, মহিলা ৪১৪৩জন, শিশু ২০৯জন। কমিউনিটি ক্লিনিক ২০টি সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ৩৩৭৯জন, মহিলা ৮৩৩৪জন, শিশু ১৩৯০ন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	১। সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
০৩	উপজেলা কৃষি অফিস	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি বছরে উপজেলায় ৪৮৭০ হেক্টর বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রার বিপরীতে বর্তমান সময় পর্যন্ত ২৫০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে এবং ধান রোপন কার্যক্রম চলমান আছে। অবহাওয়া অনুকূল থাকায় মাঠের সকল ফসল ভালো হয়েছে। উপজেলা কৃষি অফিসার আরও জানান যে, উপজেলায় বলাইনাসকের পর্যন্ত মজুদ রয়েছে। এছাড়াও উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, আত্রাই নদীতে রাবার ড্যাম এর আওতায় পিপলা ও কুন্দইল নামক স্থানে মাটির বাঁধ নির্মাণ করা জরুরী প্রয়োজন। উক্ত মাটির বাঁধ নির্মাণের বিষয়ে সরেজমিনে দুই জন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন রয়েছে। ফলে এ বিষয় নিয়ে উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	১। সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন এবং আত্রাই নদীর রাবার ড্যাম এর আওতায় পিপলা ও কুন্দইল নামক স্থানে মাটির বাঁধ নির্মাণ করা যায় কিনা তা নিয়ে বিস্তারিত আলোচনা করার জন্য উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর।



<p>০৪ উপজেলা প্রকৌশলী অফিস</p>	<p>১.১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা মহোদয়ের অফিস স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-৪৪০/তারিখঃ ০৫/০৮/২০২১ খ্রিস্টাব্দ ১ম কিস্তিতে ১৯,৬৬,০০০/- টাকা, স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-৫৮৪ তারিখঃ ০২/১১/২০২১ খ্রিস্টাব্দ ২য় কিস্তিতে ১৯,৬৬,০০০/- টাকার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-৬৭ তারিখঃ ২৬/০১/২০২২ খ্রিস্টাব্দ ৩য় কিস্তিতে ১৯,৬৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়, সর্বমোট বরাদ্দের পরিমাণ = ৫৮,৯৮,০০০/- (আটান্ন লক্ষ আটান্ন হাজার) টাকা মাত্র এবং ৪র্থ কিস্তিতে সমপরিমাণ অর্থ পাওয়া যাবে বলে আশা করা যায়। উক্ত অর্থের বিপরীতে ইউনিয়ন পরিষদ কার্যালয় হতে প্রাপ্ত প্রকল্প গুলি যাচাই বাছাই কার্যক্রম সম্পূর্ণ করা হয়েছে এবং প্রাক্কলন তৈরী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। ১.২ উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" খোক খাতের আওতায় করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তার রোধ কল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) গ্রহণের জন্য স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১.৪৫৪(১০), তারিখঃ ১৬/০৮/২০২১ইং তারিখে ৩,৪৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ নিয়ে অন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ১.২ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থ বছরে "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৪র্থ পর্যায়) এ সুদেহ প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০০৩৫(৪), ২০২০-২৮৩৫, তারিখঃ ২৭/০৫/২০২১ইং তারিখে ০৩ (তিন) টি উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারের বিপরীতে কার্যাদেশ প্রদান করা হয়। তন্মধ্যে ১টি প্রকল্পের কাজ ঠিকাদার সম্পন্ন করে কাজ সমাপ্তির সনদ পত্র সংগ্রহ করে অত্র দপ্তরে দাখিল করেছেন। ঠিকাদারকৃত সম্পাদিত কাজের গুণগতমান সন্তোষজনক। কাজের বিপরীতে অর্থ প্রাপ্তির জন্য বিল আউচার সহ আনুসঙ্গিক কাগজ পত্র প্রকল্প পরিচালক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগজন যাহা প্রকৌশল ভবন ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০ দপ্তরে প্রেরণ করা প্রয়োজন যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ :-</p> <table border="1" data-bbox="451 1249 1015 1423"> <thead> <tr> <th rowspan="2">উপ-প্রকল্প নাম</th> <th rowspan="2">উপ-প্রকল্প নম্বর</th> <th rowspan="2">মুক্তি মূল্য (ছোট ও আয়কর সহ) (টাকা)</th> <th rowspan="2">ঠিকাদার কর্তৃক দাবিকৃত ভবনের পরিমাণ (ছোট ও আয়কর সহ) (টাকা)</th> <th colspan="4">নির্দেশনামত মোটপিলের পরিমাণ (টাকা)</th> </tr> <tr> <th>ছোট ও আয়কর ব্যাণ্ডিত বিল (টাকা)</th> <th>জ্যাকের পরিমাণ (৭.৫০%) (টাকা)</th> <th>আয়করের পরিমাণ ৩%(টাকা)</th> <th>ছোট ও আয়কর সহ মোটকিল (টাকা)</th> </tr> </thead> <tbody> <tr> <td>গুরুদাসপুর</td> <td>INF-2019-20-506941-01</td> <td>২২,৩৪,৬৩৭</td> <td>২২,৩৪,৬৩৭</td> <td>২০,০০,০০০</td> <td>১৬৭৫৯৮</td> <td>৬৭,০৩৯</td> <td>২২,৩৪,৬৩৭</td> </tr> </tbody> </table>	উপ-প্রকল্প নাম	উপ-প্রকল্প নম্বর	মুক্তি মূল্য (ছোট ও আয়কর সহ) (টাকা)	ঠিকাদার কর্তৃক দাবিকৃত ভবনের পরিমাণ (ছোট ও আয়কর সহ) (টাকা)	নির্দেশনামত মোটপিলের পরিমাণ (টাকা)				ছোট ও আয়কর ব্যাণ্ডিত বিল (টাকা)	জ্যাকের পরিমাণ (৭.৫০%) (টাকা)	আয়করের পরিমাণ ৩%(টাকা)	ছোট ও আয়কর সহ মোটকিল (টাকা)	গুরুদাসপুর	INF-2019-20-506941-01	২২,৩৪,৬৩৭	২২,৩৪,৬৩৭	২০,০০,০০০	১৬৭৫৯৮	৬৭,০৩৯	২২,৩৪,৬৩৭	<p>১.১ করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তার রোধ কল্পে প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণের জন্য ৩,৪৬,০০০/- (তিন লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা যে বরাদ্দ পাওয়া প্রাপ্ত বরাদ্দ সাপেক্ষে থার্মাল স্ক্যানার ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত প্রকল্পটির প্রাক্কলন প্রস্তুত পূর্বক কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</p> <p>১.২ বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ০১ (এক) টি বিল যথাক্রমে প্যাকেজিং INF- 2019-20-506941-01 বিপরীতে = ২২,৩৪,৬৩৭/-টাকার চূড়ান্ত বিল সর্ব সম্মুখিত্রে অনুমোদন করা হলো এবং সংশ্লিষ্ট বিলটি প্রয়োজনীয় কাগজ পত্রসহ প্রকল্প পরিচালক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০ দপ্তরে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।</p>	<p>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, গুরুদাসপুর নাটোর।</p>
উপ-প্রকল্প নাম	উপ-প্রকল্প নম্বর					মুক্তি মূল্য (ছোট ও আয়কর সহ) (টাকা)	ঠিকাদার কর্তৃক দাবিকৃত ভবনের পরিমাণ (ছোট ও আয়কর সহ) (টাকা)	নির্দেশনামত মোটপিলের পরিমাণ (টাকা)															
		ছোট ও আয়কর ব্যাণ্ডিত বিল (টাকা)	জ্যাকের পরিমাণ (৭.৫০%) (টাকা)	আয়করের পরিমাণ ৩%(টাকা)	ছোট ও আয়কর সহ মোটকিল (টাকা)																		
গুরুদাসপুর	INF-2019-20-506941-01	২২,৩৪,৬৩৭	২২,৩৪,৬৩৭	২০,০০,০০০	১৬৭৫৯৮	৬৭,০৩৯	২২,৩৪,৬৩৭																
<p>০৫ উপজেলা প্রাণী সম্পদ অফিস</p>	<p>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।</p>	<p>১. সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।</p>	<p>উপজেলা প্রাণী সম্পদ অফিসার, গুরুদাসপুর, নাটোর।</p>																				
<p>০৬ উপজেলা মৎস্য অফিস</p>	<p>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ গত ২৮-আগস্ট হতে ০৩সেপ্টেম্বর তারিখ পর্যন্ত সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া রাজস্বখাতের আওতায় ০৭টি জলাশয়ে সর্বমোট ৩০০কেজি পোনা অবমুক্ত করা হয়েছে। তিনি আরও জানান যে, চলবিলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এর ফরে অবৈধ্য জালদ্বারা মৎস্য নিধন কারবারিদের কাছ থেকে জাল আটক ও অবৈধ্য স্থাপনা উচ্ছেদ করা হচ্ছে। নিয়মিত মাইকিং এর মাধ্যমে সচেতনতা মূলক প্রচারনা চালনা হচ্ছে যাতে অবৈধ্য উপায়ে মৎস্য আহরণ থেকে বিরত থাকে এবং মৎস্য সম্পদ রক্ষায় সকলে সহযোগিতা করে।</p>	<p>সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।</p>	<p>উপজেলা মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর।</p>																				

হু


০৭	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৩৫৮৪জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৪৫৪৮ জন এবং পদ্ধতির গ্রহণকারীর হার ৮৩.১৪%। পদ্ধতি বিতরণ স্থায়ী পদ্ধতি পুরুষ ০০ জন, মহিলা ১৫জন। দীর্ঘ মেয়াদী ইমপ্লানন ৮৬জন, কপারটি ০৪জন। অস্থায়ী পদ্ধতি কন্ডম ২৩৪১৩পিস, খাবার বড়ি ১২১৯৮৮ক্র এবং ইনজেকটেবল্‌স ৬৯৭ভায়াল। এছাড়া বিভিন্ন ইউনিয়নে যক্ষ্ম ও পরিবার কল্যান কেন্দ্রে মা ও শিশু যত্নসেবা যথাযথভাবে চলেছে। তেমন কোন সমস্যা নাই।	১। সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা গুরুদাসপুর, নাটোর
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস জনিত মহামারীর কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ সংসদ টেলিভিশনের মাধ্যমে অনলাইন ক্লাস নিয়মিত চলছে। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অনলাইন ক্লাস পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছে। তেমন কোন সমস্যা নাই।	সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
০৯	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, খিদির গড়িলা সপ্রাধি এর রাস্তা নির্মাণ ও স্বাস্থ্যবিধি মেনে পাঠদান চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছে। তেমন কোন সমস্যা নাই।	সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন	উপজেলা শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
১০	গ্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
১১	উপজেলা মহিলা বিষয়ক অফিস	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০-২১-২০২২ চক্রের উপকারভোগীদের অক্টোবর-২০২১ মাসেও পত্র যথাযথভাবে জারি করা হয়েছে। ২০২১-২২ চক্রের ভিজিডি এনজিও সিলেকশন হয়েছে। এনজিওর কর্মচারী নিয়োগ সম্পূর্ণ হয়েছে ভিজিডি সঞ্চয় হিসাব ১০০% নিশ্চিতসহ প্রশিক্ষণের কার্যক্রম শুরু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থ বছরে নতুন উপকারভোগী যাচাই-বাছাই ও সাক্ষাৎকার ১৩/১০/২১ খ্রিঃ তারিখে শেষ হয়েছে। উপকারভোগীর আগামী ৩০ অক্টোবর এর মধ্যে এমআইএস শেষ করার নির্দেশ রয়েছে। দরিদ্রমণ্ডির মাতৃত্বকাল ভাতা কর্মসূচীর আওতায় বিভিন্ন ইউনিয়নে যে সকল উপকারভোগীর বকেয়া ভাতা স্ব স্ব উপকারভোগীর হিসাবে পোষ্টিংসহ মাদার একাউন্ট এর ব্যাংক স্টেটমেন্ট সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মহিলাদের আত্ম-কমসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম তহবিলে ঋণ চলতি মাসে ৯,৪৫০/- টাকা ঋণ আদায় হয়েছে। বকেয়া টাকা আদায়ের জন্য নোটিশ ও সার্টিফিকেট মামলার ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।	সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক, গুরুদাসপুর, নাটোর
১২	উপজেলা সমাজ সেবা অধিদপ্তর	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয় হতে ২০২১-২২ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ও বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা প্রত্যাশীদের গত ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে www.bhata.gov.bd এই লিংকে নিজে/ইউপি ডিজিটাল সেন্টার/পৌরসভা ডিজিটাল সেন্টার/উপজেলা সমাজসেবা অফিস ও প্রয়োজনে ৩৩৩ নম্বরে ফোন করে আবেদন করা হয়েছিল। গত ১০/০৯/২১খ্রি তারিখ পর্যন্ত ০৬টি ইউনিয়ন ও ০১টি পৌরসভার বয়স্কভাতার অনলাইনে আবেদন পাওয়া যায় ৩০৫৮জন, প্রাপ্ত বরাদ্দ ২৪০০জন, বিধবাভাতার অনলাইনে আবেদন ৩১৭৯জন, প্রাপ্ত বরাদ্দ ১৮২০জন এবং	১. গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা,




		<p>অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ৫৪৪জন। পৌরসভার মেয়র ও ০৬টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের আগামী ২০/১০/২১খ্রিঃ তারিখের মধ্যে ইউনিয়ন ও পৌরসভা হতে প্রাথমিক তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। ততপ্রেক্ষিতে সকল ইউনিট হতে প্রাথমিক তালিকা পাওয়া যায়। গত ০৭/১১/২১খ্রিঃ তারিখে উপজেলা ভাতা বাস্তবায়ন ও পৌরসভা ভাতা বাস্তবায়ন কমিটির জরুরী সভা করা হয়। সভায় ইউনিয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং পৌরসভার কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। তিনি আরও জানান যে, ২০২০-২১ অর্থ বছরে আরএসএস ২০১১-১২ অর্থ বছরের ১৪/১২/২০২১খ্রিঃ হতে ২১/১২/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত জাগরণী সপ্তাহ পালন করা হয়। মোট ০৭ (সাত) লক্ষ টাকা বিতরণ করা হয়। এছাড়াও আরএসএস মাতৃকেন্দ্রের মূল বিনিয়োগ ৯৫,০০০/-টাকা ও পুনঃ বিনিয়োগ ১,২৫,০০০/-টাকা সর্বমোট ২,২০,০০০/-টাকা বিতরণ করা হয়েছে। এছাড়াও ক্যাসার, কিডনী, লিভার সিরোসিস, স্টোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগীদের এককালীন ৫০,০০০/- টাকা দেওয়ার আবেদন পাওয়া গেছে। ক্যাসার ৩৬টি আবেদন, থ্যালাসেমিয়া ০১টি জন্মগত হৃদরোগীদের ০৭টি, কিডনী ১৪টি, লিভার সিরোসিস ০৪টি স্টোকে প্যারালাইজড ১৬টিসহ মোট আবেদন ৭৮টি। যা আবেদন জেলা কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, ভিক্ষুক পুনরবাসন ও বিকল্প কর্মসংস্থান খাতে ১,৬০,০০০/-টাকা পাওয়া গেছে। তিনি আরও জানান যে, ০৬টি ইউনিয়ন এবং একটি পৌরসভা মোট ০৭টি ইউনিটের প্রত্যেক ইউনিট হতে ০২জন করে ভিক্ষুকের মোট ১৪জনের নামের তালিকা ভিক্ষুকের এনআইডি ফটোকপি, ০২কপি পাসপোর্ট সাইজ ছবি এবং মোবাইল নং পনের দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পেরণ করা জন্য অনুরোধ করা হলো। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</p>		<p>গুরুদাসপুর, নাটোর</p>
১৩	উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	<p>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ফেব্রুয়ারী/২০২২ মাসের কর্মসূচির অগ্রগতি প্রশিক্ষণ ৯০জন ও অগ্রগতি ২৭০জন। যুবঋণ বিতরণ ৪,০০,০০০ ও অগ্রগতি ১২,২০,০০০/-। চলমান আদায়যোগ্য ২,৪৬,৮০৫/-টাকা, চলমান আদায়কৃত ২,৩০,৪৩৫/-টাকা, অগ্রগতি ১৪,২৩,৬১০, চলমান আদায়ের হার-৯৩.৩৬%, অগ্রগতির হার ৯৪.১৪। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</p>	<p>গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ), গুরুদাসপুর, নাটোর।</p>
১৪	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	<p>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী ফেব্রুয়ারী/২০২২ইং মাস পর্যন্ত অত্র বিভাগের মাধ্যমে আবর্তক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০.০০, অর্জন ১৫.৩৯ ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৫০.০০ অর্জন ১৯.৬৫ এবং প্রশিক্ষণ ১১০জন। মহিলা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০.০০, অর্জন ২০.৯০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০০.০০ অর্জন ৪৩.২৩, সদাভিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০.০০, অর্জন ৪০.২৩, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬০.০০ অর্জন ৪৪.৫৭, প্রশিক্ষণ-০০ জন, পল্লী প্রগতি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৫.৬৩, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৫.৪৮, বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২.২০, অর্জন ১.০০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১.৮০, অর্জন ০.৮৮, প্রশিক্ষণ নাই, অপ্রধান শস্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ১৯.৫৯, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ১০.২৮। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</p>	<p>গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর</p>
১৫	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	<p>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, গুরুদাসপুর কর্তৃক সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় "করাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম" এর ০১টি বরাদ্দ পাওয়া গেছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় ১৫৬টি আবাসিকবল</p>	<p>সভাপতি মহোদয় গৃহিত কার্যক্রম দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য নির্দেশ দেন।</p>	<p>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর</p>

[Handwritten Signature]

		এর স্থান নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে। মজিব শতবর্ষ মজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায় ২৭টি নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে এবং পাটাতনের কাজ চলমান আছে। নতুন অফিস বিল্ডিং নির্মানের কাজ শুরু হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ১৫৬টি সাবমার্সিবল বোরিং কাজ সম্পন্ন ও পাটাতনের কাজ চলমান রয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে PEDP-4, GPS, NNGPS প্রকল্পের আওতায় ওয়াস রকের কাজ চলমান আছে। করোনা পরিস্থিতি মোকাবেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত হ্যান্ড ওয়াশ বেসিনে জনগণকে হাতধোয়ার উদ্বৃষ্ করতে নিয়মিত সাবান সরবরাহ করা হচ্ছে।		
১৬	উপজেলা পরিসংখ্যান অফিস	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসে কৃষি পরিসংখ্যান বিষয়ে গম ও আলু বোরো ফসলের পূর্বভাস, তেতুল, মূলা, জলপাই, গাজর, ও মাসিক কৃষি মজুরী এর তথ্য উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর মাধ্যমে প্রাক্কলন পূর্বক জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। পথশিও জরিপ-২০২২ এর কুইক কাউন্টের কাজ ও পরিবেশ সংরক্ষন ব্যয় সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা ২০২১ জরিপের কাজ অত্র উপজেলায় চলমান আছে।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর
১৭	উপজেলা সমবায় অফিস	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমবায় অফিস ০১ (এক) কক্ষ বিশিষ্ট একটি কর্মকর্তা/কর্মচারী ও অফিসের আসবাবপত্রসহ অফিস কার্য সম্পাদন করতে হয়। ফলে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হয়। ইতোমধ্যে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) তয় পর্যায় শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান আছে। উক্ত প্রকল্পের জনবল নিয়োগ করা হয় নাই। বিধায় জনবল নিয়োগ হতে তাদের বসানোর জন্য আরও একটি কক্ষের প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয়ের সৃষ্টি কামনা করছি। অত্র দপ্তরের মাধ্যমে সমিতি নিবন্ধন, সমিতি অডিট কার্যক্রম পরিচালনা করা হয়। অত্র দপ্তরের নিবন্ধিত সমিতির সংখ্যা ৫৭টি। কেন্দ্রীয় ও প্রাথমিক সমিতির অডিট কার্যক্রম চলছে। কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ২টি। উপজেলায় অত্র দপ্তর কর্তৃক চকদিঘুলী আশ্রয়ন ফেইজ-২ ও বিলব্যাসপুর আশ্রয়ন ফেইজ-২ এই দুটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। চকদিঘুলী আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের ক্রমপুঞ্জীভূত ঋণ দাদনের পরিমান-১৬,৬৩,০০০/-, ক্রমপুঞ্জীভূত ঋণ আদায়ের পরিমান-১২,৩৮,৩৬৭/-, ঋণ আদায়ের হার ৬৯% খেলাপী ঋণ পরিমান ৫,৫৭,৬৭৩/-। বিলব্যাসপুর আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের ক্রমপুঞ্জীভূত ঋণ দাদনের পরিমান-৯,০০,০০০/- ও ক্রমপুঞ্জীভূত ঋণ আদায়ের পরিমান-৭,৪৯,৬৮২/-, ঋণ আদায়ের হার ৭৮% খেলাপী ঋণ পরিমান ২,২২,৩১৮/-, আশ্রয়ন প্রকল্পে বিভিন্ন এনজিও কর্তৃক ঋণ দাদনের কারণে সরকারী ঋণ আদায়ে জটিলতার সৃষ্টি হচ্ছে। এ ঋণ আদায় বিষয়ে সভাপতি মহোদয়ের সহযোগিতা কামনা করছি। এছাড়া সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের অধীনে ৬০টি সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের ১৫টি ট্রেডের উপর প্রশিক্ষণ প্রদান করে সার্বিক গ্রাম উন্নয়নসহ স্বকর্মসংস্থান সৃষ্টির প্রক্রিয়া অব্যাহত আছে। অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর
১৮	উপজেলা বন অফিস	উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে তেমন কোন সমস্যা নাই।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর।
১৯	গুরুদাসপুর থানা	অফিসার ইনচার্জ সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না, সভাপতি আগামী সভায় উপস্থিত হয়ে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	সভাপতি মহোদয়, নিয়মিত সভায় উপস্থিত হয়ে গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন	অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা
২০	ইসলামিক ফাউন্ডেশন	ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, মসজিদাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সৃষ্টভাবে পরিচালিত হচ্ছে। সরকারী নির্দেশনা অনুযায়ী গত ১৩-০৯-২০২১ হতে সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৭০টি সপ্তাহে সোমবার ও বুধবার দুইদিন পরিচালিত হচ্ছে। প্রাক প্রাথমিক ৮১টি কেন্দ্র এখনও বন্ধ আছে। মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারগুলি সৃষ্টভাবে পরিচালিত হচ্ছে। সরকারী বার্তাগুলি জুম্বায় খুৎবায় খতিবদের মাধ্যমে মুসল্লিদের উদ্ভুদ্ধ করা হয়। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর



২১	ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২)	ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২) সভায় জানান যে, গুরুদাসপুর উপজেলায় জানুয়ারী/২০২২ মাসে নতুন সংযোগ গ্রাণ্ড গ্রাহক সংখ্যা আবাসিক ১০৯টি, বানিজ্যিক ১৬টি, সেচ ০৬টি, শিল্প ১৮টি, দাতব্য ০০টি ও অন্যান্য নাই মোট গ্রাহক ১৪৯টি। পূন সংযোগ গ্রাহক সংখ্যা ১৮১টি, সর্বমোট গ্রাহক সংখ্যা ৬৪২৩৬জন। বিদ্যুৎ ক্রয় ৫৪২৯১৫৭ইউনিট, বিদ্যুৎ বিক্রয় ৫৩১৮৪০৮ইউনিট, সিস্টেম লস ২.০৪,(চলতিমাস) ক্রমপঞ্জিত ৮.৩৭%, বকেয়া মাস ১.০৩ মাস। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	ডেপুটি জেনারেল ম্যানেজার, গুরুদাসপুর নাটোর
২২	বি.এ.ডি.সি (পানাসি)	উপজেলা সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) পানাসি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গুরুদাসপুর (ক্ষুদ্রসেচ) জোনের আওতায় গুরুদাসপুর উপজেলায় বিএডিসি পানাসি প্রকল্পের মাধ্যমে সম্ভাব্য কাজগুলি ০১. বাড়িড পাইপ ৫০০মিঃ, পরিমান ১৮টি, ৯.০০কিঃমিঃ, ০২. বাড়িড পাইপ ১০০০মিঃ, পরিমান ০১টি, ১.০০কিঃমিঃ, ০৩. খাল পুনঃখনন ৪১.০০কিঃমিঃ ০৪. পাম্প ঘর মেরামত নাই, ০৫. ১কিউসেক এলএলপি ১০টি ০৬. ২কিউসেক এলএলপি ০২টি, ০৭. ডাগঅয়েল ০৭টি, ০৮. বন্ধু কালভার্ট ০২টি, ০৯. সাবমার্জ আরসিসি রাস্তা ৩.১২০কিঃমিঃ। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	সহকারী প্রকৌশলী পানাসি, গুরুদাসপুর জোন, নাটোর
২৩	বি.এম.ডি. এ (বরেন্দ্র)	উপজেলা সহকারী প্রকৌশলী (বিএমডিএ) বরেন্দ্র বড়াইগ্রাম জোন সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগের গত সভার সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে জানা গেল না। সভাপতি গত সভার সিদ্ধান্তকে বহাল রেখে আগামী সভায় অগ্রগতি সহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।	সভাপতি গৃহিত কার্যক্রম অব্যাহত রাখাসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	সহকারী প্রকৌশলী বরেন্দ্র, বড়াইগ্রাম জোন, নাটোর
২৪	আমার বাড়ি আমার খামার প্রকল্প	উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র কার্যালয়ের সমিতির সংখ্যা ২১৬টি, সমিতির সদস্য সংখ্যা ১০,৪৬৪জন। সঞ্চয় জমা ৪,৬০,১২,০০০/-টাকা। সদস্যদের মাঝে ঋণবিতরণ ৩৭,৯২,২৫,০০০/-টাকা। ঋণ আদায়ের পরিমাণ ২৪,২২,১০,০০০/-। ঋণ আদায়ের হার ৭০%।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গুরুদাসপুর নাটোর।
২৫	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সভায় জানান যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ চলতি মাসে সদস্য ভর্তি-২৩জন, ঋণী সদস্য-৫১জন, ঋণ বিতরণ ১৪.৬৬, ঋণ আদায়- ১৪.৯১, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় আদায় ২.১৭। ক্ষুদ্র উদ্যোক্তাঃ-ঋণী সদস্য-০৩জন, ঋণ বিতরণ-৪.২০, ঋণ আদায়-৭.৪০, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় জমা নাই। প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের শস্য সংরক্ষণঃ- ঋণী সদস্য- ০৫জন, ঋণ বিতরণ-২.৫০, ঋণ আদায়-৪.১৬, আদায়ের হার-১০০%, সঞ্চয় আদায় ০.৫৪। তিনি সভায় আরও জানান যে, অফিস কক্ষ ভাঙ্গা ও জরাজীর্ণ সেগুলো মেরামত করা প্রয়োজন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা
২৬	উপজেলা পল্লী জীবিকায়ন অফিস	উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠন নাই, মাসে অগ্রগতি নাই ক্রমবর্ধিত অগ্রগতি ১২১টি, অগ্রগতির হার ১০০%, সদস্য ভর্তি বছরের লক্ষ্যমাত্রা ০৮, মাসে অগ্রগতি ৪৩, ক্রমবর্ধিত অগ্রগতি ৪১২৩, হার ১১৪%, শেয়ার আদায় বছরের লক্ষ্যমাত্রা .৬৯, মাসে অগ্রগতি .৬৫, ক্রমবর্ধিত অগ্রগতি ৬.৯৯, হার ৮৪%, সঞ্চয় আদায় বছরের লক্ষ্যমাত্রা ৩.২২, মাসে অগ্রগতি ১.২৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৭.৪৪, হার ২৭%, ঋণ বিতরণ বছরের লক্ষ্যমাত্রা ৯৯.০০, মাসে অগ্রগতি ৫২.৬৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৪৮৯.৬৫, হার ৫৩%, ঋণ আদায় বছরের লক্ষ্যমাত্রা ১১০.২৩, মাসে অগ্রগতি ৬৩.৪৮, ক্রমবর্ধিত অগ্রগতি ১৬৩৮.০১, হার ৯৭%।	সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
২৭	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, ৩২৩.০৪০ মে. টন চাল খাদ্য বাস্কর কর্মসূচীর আওতায় হত দরিদ্রদের মাঝে ৩০কেজি হারে ১০টাকা কেজি খাদ্যশস্য বিতরণ চলছে। বিশেষ ওএমএস কর্মসূচী গুরুদাসপুর পৌরসভায় ৬৬.০০ মে. টন চাল বিতরণ হয়েছে। ভিজিডি	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুরুদাসপুর, নাটোর




		<p>খাতে ৭৬.২৬০মে. টন চাল ইউনিয়ন পরিষদ কর্তৃক বিতরণ হবে। বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ইপি খাতে ০.২৮১মে. টন চাল ও গম ০.২৫২মে. টন উত্তোলন হবে। কাবিখা খাতে ৪৯.৩০মে. টন চাল ও ৫৩.৩০মে. টন গম উত্তোলন হয়েছে। আমনসংগ্রহ/২০২১-২২মৌসুমে চাল এর লক্ষ্যমাত্রা ১১৯৮.০০ মে. টন এবং ধান এর লক্ষ্যমাত্রা ৩৭৩.০০ মে. টন পাওয়া গিয়াছে। সংগ্রহের সময়সীমা ০৭/১১/২০২১ থেকে ২৮/০২/২০২২ পর্যন্ত।</p>		
২৮	উপজেলা আনসার ভিডিপি অফিস	<p>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ওয়ালডিং প্রজি প্রশিক্ষনে ০১জন পুরুষ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ০৯জন পুরুষ প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। এছাড়া পৌরসভা ০৭নং ওয়ার্ডে ০১জন ওয়ার্ড দলনেতাকে গত ০১/০২/২০২২খ্রিঃ তারিখে নিয়োগ প্রদান করা হয়। আনসার ও ভিডিপির অত্র কার্যালয়ের জন্য নিজস্ব ভবন নির্মাণের নিমিত্তে প্রদানকৃত ০৮শতাংশ জমি রেজুলেশনে অর্ন্তভুক্তকরণ ও জমির স্কেচ ম্যাপ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহোদয়ের নিকট অনুরোধ করছি।</p>	<p>মাস্টার প্ল্যান অনুযায়ী আনসার ও ভিডিপির নিজস্ব ভবন নির্মাণের জন্য অফিসার্স ক্লাবের পেছনে ৮ শতাংশ জমি প্রদান করা হলো এবং জমির স্কেচ ম্যাপ তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।</p>	<p>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর</p>
২৯	উপজেলা রিসোর্স সেন্টার	<p>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, লক্ষ্যমাত্রা মোতাবেক বিদ্যালয় পরিদর্শন ও প্রতিবেদন প্রদান করা হচ্ছে। জেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় অংশগ্রহন, নাজিরপুর ইউনিয়নে ট্যাগ অফিসারের দায়িত্ব পালন, উপজেলা পর্যায়ে প্রধান শিক্ষকদের মাসিক সভায় অংশগ্রহন, প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা নিরূপন করা, গণিত অলিম্পিয়াড কৌশল প্রয়োগ করে গণিত বিষয়ের উপর ৯০টি প্রাথমিক বিদ্যালয় থেকে ৯০ জন শিক্ষকের প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর</p>
৩০	উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস	<p>স্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অপারেশনাল কর্মকাণ্ডের তথ্য ধারাবারিষা ফায়ার সার্ভিস কর্তৃক অগ্নি নির্বাপনে সম্পদের ক্ষতির পরিমাণ ১৫,০০/- ও উদ্ধারের পরিমাণ ২০,০০০/-, রোকেয়া মোড় ক্ষতির পরিমাণ ৩,০০০/- ও উদ্ধারের পরিমাণ ১,০০,০০০/-, খুবজীপুর ক্ষতির পরিমাণ ১,৫০০ ও উদ্ধারের পরিমাণ ১০,০০০/-, ধারাবারিষা ক্ষতির পরিমাণ ১,০০০ ও উদ্ধারের পরিমাণ ২০,০০০/-শিখুলী নীচুবাজার ক্ষতির পরিমাণ ৫০০ ও উদ্ধারের পরিমাণ ৫,০০০/-, সাপগাড়ি ক্ষতির পরিমাণ ১,০০০ ও উদ্ধারের পরিমাণ ১০,০০০/-, হরদমা ক্ষতির পরিমাণ ৫,০০০ ও উদ্ধারের পরিমাণ ২০,০০০/-, সোনাবাজু ক্ষতির পরিমাণ ১০,০০০ ও উদ্ধারের পরিমাণ ২০,০০০/-, প্রফেসরপাড়া ক্ষতির পরিমাণ ৭০,০০০ ও উদ্ধারের পরিমাণ ৪,০০,০০০/-, শিকারপাড়া ক্ষতির পরিমাণ ৫,০০০/- ও উদ্ধারের পরিমাণ ১,৫০,০০০/-। এছাড়া করোনা ভাইরাস পরিস্থিতিতে জনসচেতনতামূলক প্রচারনা অব্যাহত এবং যেকোন দুর্যোগ-দুর্ঘটনা মোকাবেলায় প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদি প্রস্তুত রাখা হয়েছে।</p>	<p>গৃহিত কার্যক্রম অব্যাহত জন্য অনুরোধ করা হলো।</p>	<p>স্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গুরুদাসপুর, নাটোর</p>
৩১	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	<p>উপজেলা ফ্যাসিলিটিটর, গুরুদাসপুর, নাটোর সভায় জানান যে, অবকাঠামো উন্নয়নের ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার কাজ চলমান। এছাড়া তিনি সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা সক্ষমতা ও অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ থেকে দশ লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের পিএসসি প্রস্তাবনা নিম্নরূপ : ১. কোভিড কালীন সময়ে ১০ থেকে ১৯ বছর বয়সী মেয়েদের বয়ঃসন্ধিকালীন এবং মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, ২. করোনা মোকাবেলায় স্বাস্থ্যকর্মী, পল্লী চিকিৎসক ও স্থানীয় জনগণের করণীয়</p>	<p>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে সক্ষমতা উন্নয়নের জন্য ৬টি প্রকল্প এবং অবকাঠামো উন্নয়নের জন্য ২টি প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।</p>	<p>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলা কমিটি, গুরুদাসপুর, নাটোর</p>



		বিষয়ক প্রশিক্ষণ, ৩. কেভিড -১৯ মোকাবেলায় স্থানীয় ব্যবসায়ী ও ক্রেতা সাধারণের জন্য ভোজা অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ, ৪. বেকার যুবক ও যুবতীদের মোটোরযান চালনা বিষয়ক প্রশিক্ষণ, ৫. ফ্রি ল্যান্ডিং/ আউটসোর্সিংএর মাধ্যমে বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ ও ৬. ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও সাধারণ বেকার যুবক/যুবতীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ। এছাড়া ৫০ লক্ষ টাকার জন্য অবকাঠামো উন্নয়ন দুটি প্রকল্প পিএসসি মিটিংয়ে নির্বাচিত হয়, যাহা নিম্নরূপঃ ১. ভবন নির্মাণ, ২. হাই লো বেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।		
৩২	বিবিধ-১	চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ফেব্রুয়ারী-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-টাকা এবং স্থায়ী কমিটির আপায়ন বাবদ ৮,০০০/- টাকা সভায় অনুমোদন প্রয়োজন। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনাতে ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হলো।	উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা এবং স্থায়ী কমিটির আপায়ন বাবদ ৮,০০০/- টাকা ব্যয় হয়েছে। যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।
৩৩	বিবিধ-২	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আসবারপত্র সংগ্রহ/মেরামত খাতের আওতায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা প্রকৌশলীর দপ্তরে ব্যবহারের জন্য আসবারপত্র সরবরাহ করণ। যার মূল্য বাবদ ২,০০,০০০/-টাকা মাত্র। উক্ত প্রকল্পের বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স মাহমুদ কন্সট্রাকশন, গুরুদাসপুর, নাটোরকে কোটেশন মূল্য অনুমোদন ও চূড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনাতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা প্রকৌশলীর দপ্তরে ব্যবহারের জন্য আসবারপত্র সরবরাহ করণ যার মূল্য বাবদ ২,০০,০০০/- (দই লক্ষ) টাকা মাত্র এবং অনুমোদিত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স মেসার্স মাহমুদ কন্সট্রাকশন, গুরুদাসপুর, নাটোরকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (আসবারপত্র সংগ্রহ/মেরামত) খাত হতে চূড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর
৩৪	বিবিধ-৩	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, ৩নং খুবজীপুর ইউপির পাঁকা রাস্তা হতে সোহেল নোমানের বাড়ীর মসজিদ পর্যন্ত রাস্তা আরসিসিকরণ প্রয়োজন। যাহার প্রাক্কলিত মূল্য আনুমানিক ৯,৮০,১৮৪/-টাকা। উক্ত প্রকল্পের বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স ভিনিট কন্সট্রাকশন, গুরুদাসপুর, নাটোরকে কোটেশন মূল্য অনুমোদন ও চূড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনাতে ৩নং খুবজীপুর ইউপির পাঁকা রাস্তা হতে সোহেল নোমানের বাড়ীর মসজিদ পর্যন্ত রাস্তা আরসিসিকরণ দ্বারা উন্নয়ন করণ। যার মূল্য বাবদ ৯,৮০,১৮৪/-টাকা। অনুমোদিত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স ভিনিট কন্সট্রাকশন, গুরুদাসপুর, নাটোরকে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চূড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ আনোয়ার হোসেন)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 গুরুদাসপুর, নাটোর
 ফোনঃ ০৭৭২৪-৭৪৪২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০২.০০১.১৭. ১৫৯ (৪৫)

তারিখ : ২৪-০২-২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম)।
- ০২। সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, নাটোর।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
- ০৫। মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর।
- ০৬। উপজেলা ----- অফিসার, গুরুদাসপুর, নাটোর।
- ০৭। চেয়ারম্যান, নাজিরপুর/বিয়াঘাট/খুবজিপুর/মশিন্দা/ধারাবারিষা/চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
- ০৮। অফিস নথি।



২৪/০২/২২

(মোঃ তমাল হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

গুরুদাসপুর, নাটোর

ফোনঃ ০৭৭২৪-৭৪০০১

উপস্থিত সদস্যে বৃন্দের নাম পরিশিষ্ট “ক” সভার তারিখ : ২৪-০২-২০২২ খ্রি.

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	স্বাক্ষরিত
২	জনাব মোঃ তমাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর	..
৩	জনাব মোঃ শাহনেওয়াজ আলী মোল্লা, মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর	..
৪	জনাব মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
৫	জনাব মোছাঃ রোকসানা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
৬	চেয়ারম্যান, ০১নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
৭	চেয়ারম্যান, ০২নং বিয়াঘাট ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
৮	চেয়ারম্যান, ০৩নং খুবজীপুর ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
৯	চেয়ারম্যান, ০৪নং মশিন্দা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
১০	চেয়ারম্যান, ০৫নং ধারাবারিষা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
১১	চেয়ারম্যান, ০৬নং চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	..
১২	উপজেলা কৃষি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
১৩	উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
১৪	প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর	..
১৫	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
১৬	উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, গুরুদাসপুর, নাটোর	..
১৭	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
১৮	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
১৯	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
২০	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
২১	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর	..
২২	উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
২৩	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
২৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
২৫	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর	..
২৬	ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, গুরুদাসপুর, নাটোর	..
২৭	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর	..
২৮	উপজেলা সমন্বয়কারী, এবাএখা, গুরুদাসপুর, নাটোর	..
২৯	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(ভারপ্রাপ্ত), গুরুদাসপুর, নাটোর	..
৩০	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	..
৩১	স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, গুরুদাসপুর, নাটোর	..
৩২	ফ্যাসিলিটের, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, গুরুদাসপুর, নাটোর	..